

U.G. 2nd Semester Examination - 2022

BENGALI

[HONOURS]

Course Code : BBNGCCHT201

Course Title : ছন্দ ও অলংকার

পূর্ণমান : ৪০

সময় : ২ ঘন্টা

সংক্ষিপ্ত অথচ যথাযথ উত্তর দাও।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমানের নির্দেশক।

- ১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $১ \times ১০ = ১০$
- ক) 'ছেদ' কাকে বলে?
- খ) পূর্ণযতি দ্বারা খণ্ডিত কাব্যংশকে কী বলা হয়?
- গ) 'পর্ব' কয়প্রকার ও কী কী?
- ঘ) 'শ্বাসাঘাত' এর সমার্থক একটি অন্য পরিভাষা উল্লেখ করো।
- ঙ) মিল বা মিত্রাক্ষর কাকে বলা হয়?
- চ) সবচেয়ে দ্রুত লয়ের ছন্দকে কী নামে অভিহিত করা হয়?
- ছ) 'টাপুর-টুপুর'—এই শব্দগুচ্ছের মাত্রাবৃত্ত রীতি অনুসারে মোট মাত্রাসংখ্যা কত?
- জ) দল বা অক্ষর কাকে বলে?
- ঝ) শব্দালংকার কাকে বলে?

[পরের পাতায়]

এ) যমক অলংকার কয়প্রকার ও কী কী?

ট) একটি শব্দের যখন একবার ব্যবহারে একাধিক অর্থ প্রকাশ করে তখন কোন্ অলংকার হয়?

ঠ) 'সন্দেহ' অলংকার কাকে বলে?

ড) 'ব্যাজস্ততি' অলংকারের শ্রেণিবিভাগটি কোন্ ধরনের অর্থালংকারের অন্তর্গত?

ঢ) 'বক্রোক্তি' শব্দটির আক্ষরিক অর্থ কী?

ণ) 'দেখিবারে আঁখি পাখি ধায়।' — এটি কোন্ অলংকার?

২। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : $২ \times ৫ = ১০$

ক) 'হৃষছেদ' কাকে বলে? ছন্দশাস্ত্রে এর জন্য নির্দিষ্ট সংকেত বা চিহ্নটি কেমন?

খ) 'অক্ষরবৃত্ত' রীতি অনুসারে মাত্রাগণনার নিয়মটি উল্লেখ করো।

গ) 'দলবৃত্ত' ছন্দের দুটি বৈশিষ্ট্য উল্লেখ করো।

ঘ) 'পয়ার' ও 'মহাপয়ার'-এর মাত্রাবিন্যাস রীতি উল্লেখ করো।

ঙ) 'স্মরণোপমা' কাকে বলে? একটি উদাহরণ দাও।

চ) 'পদ্মভ্রমে পদতলে পড়ে অলি দলে দলে' — এখানে কোন্ অলংকারের ব্যবহার হয়েছে?

ছ) 'দৃষ্টান্ত' অলংকার কাকে বলে? একটি উদাহরণ দাও।

জ) 'উপমা' ও 'রূপক' অলংকারের মধ্যে মূল দুটি পার্থক্য উল্লেখ করো।

৩। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ২ = ১০$

ক) নিম্নের কবিতাংশটির ছন্দোলিপি প্রস্তুত করো : (পর্ব, চরণ, মিল, লয় ও যতি চিহ্নের উল্লেখসহ)

“কেমন করে বীর ডুবুরি সিঙ্কু সৈঁচে মুক্তা আনে।

কেমন করে দুঃসাহসী চলছে উড়ে স্বর্গ পানে।।”

খ) উপযুক্ত কারণ উল্লেখসহ অলংকার নিরূপণ করো :

“যত তাপস বালক

শিশির সুম্নিধ যেন তরুণ আলোক।”

গ) উপযুক্ত কারণ উল্লেখসহ অলংকার নিরূপণ করো:

“এনেছিলে সাথে করে মৃত্যুহীন প্রাণ

মরণে তাহাই তুমি করে গেলে দান।”

৪। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ১ = ১০$

ক) ‘রূপক’ অলংকার কাকে বলে? উদাহরণসহ ‘রূপক’ অলংকারের শ্রেণিবিভাগগুলি আলোচনা করো।

খ) সরল কলাবৃত্ত বা মাত্রাবৃত্ত ছন্দের বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো।

গ) গদ্যছন্দের বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো।
